কালের কণ্ঠ

29 JAN 2017

# নতুন করে জিপিএ ৫ আট শতাধিক

## জেএসসি-জেডিসির ফল পুনর্নিরীক্ষা

### তিন হাজার শিক্ষার্থীর ফল পরিবর্তন

নিজস্ব প্রতিবেদক ▷

জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষার খাতা পুনর্নিরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। গতকাল শনিবার সন্ধ্যা থেকে নিজ নিজ শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে এই ফল প্রকাশ করা হয়। এতে আট সাধারণ বোর্ডসহ ১০ বোর্ডে প্রায় তিন হাজার শিক্ষার্থীর ফল পরিবর্তন হয়েছে। নতুন করে জিপিএ ৫ পেয়েছে আট শতাধিক শিক্ষার্থী। ফেল থেকে পাস করেছে প্রায় ৭০০ শিক্ষার্থী। ফেল থেকে পাস ও জিপিএ ৫ এই দুটি ক্ষেত্রেই সবচেয়ে বেশি পরিবর্তন হয়েছে। এবারই রেকর্ডসংখ্যক পরীক্ষার্থীর ফল পরিবর্তন হয়েছে বলে জানা গেছে।

জানা যায়, ঢাকা বোর্ডে ২৬ হাজার ৮৮৫ জন পরীক্ষার্থী ফল পুনর্নিরীক্ষণের জন্য আবেদন করে। এই বোর্ডেই ফল পরিবর্তনের আবেদনের সংখ্যা সবচেয়ে বেশি। ফল পরিবর্তন হয়েছে এক হাজার ৫৭৮ জনের; ফেল থেকে পাস করেছে ২৩৮ জন আর নতুন করে জিপিএ ৫ পেয়েছে ৪০৬ জন। চট্টগ্রাম শিক্ষা বোর্ডে ২৭৫ জনের ফল পরিবর্তন হয়েছে; নতুন করে জিপিএ ৫ পেয়েছে ৪৬ জন; ফেল থেকে পাস করেছে ৫৪ জন। যশোর শিক্ষা বোর্ডে ফল পরিবর্তন হয়েছে ২০৫ জনের; ফেল থেকে পাস করেছে ৪৫ জন; নতুন করে জিপিএ ৫ পেয়েছে ১২২ জন। বরিশাল শিক্ষা বোর্ডে ফল পরিবর্তন হয়েছে ৯২ জনের; নতুন করে জিপিএ ৫ পেয়েছে ২৬ জন; ফেল থেকে পাস করেছে ১২ জন পরীক্ষার্থী। সিলেট বোর্ডে ফল পরিবর্তন হয়েছে ১৪৬ জনের; ফেল থেকে পাস করেছে ৪২ জন; নতুন করে জিপিএ ৫ পেয়েছে ৩৬ জন। এভাবে রাজশাহী, কুমিল্লা ও দিনাজপুরসহ অন্যান্য বোর্ডের চিত্রও প্রায় একই।

মাদরাসা শিক্ষা বোর্ডের অধীনে জেডিসিতে ফল নিয়ে আপত্তি তুলেছিল চার হাজার ৬৪৬ জন শিক্ষার্থী, যাদের মধ্যে ফল পরিবর্তন হয়েছে ২৬৯ জনের। আগে ফেল করলেও এখন পাস করেছে ১৫৩ জন। নতুন করে জিপিএ ৫ পেয়েছে ৯৫ জন।

জানা যায়, ফল পুনর্নিরীক্ষণে নতুন করে খাতা দেখা হয় না। শুধু নম্বরের যোগফল ঠিক আছে কি না, উত্তরের সব নম্বর যোগ হয়েছে কি না এবং অপটিক্যাল মার্ক রিডার (ওএমআর) ফরম সঠিকভাবে পূরণ করা হয়েছে কি না তা দেখা হয়। সংশ্লিষ্টরা বলছেন, শুধু যোগ-বিয়োগেই যদি তিন হাজার শিক্ষার্থীর ফল পরিবর্তন হয় তাহলে পুনরায় খাতা দেখলে আরো হাজার হাজার শিক্ষার্থীর ফল পরিবর্তন হতো।

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান বলেন, 'শিক্ষকদের গাফিলতির কারণেই মূলত ভুল হয়। কিছু ভুল মানুষের হতেই পারে। তবে অগ্রহণযোগ্য কোনো ভুল আমরা মেনে নেব না। ভুলের পেছনে যারা দায়ী তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।'

এবার জেএসসি ও জেডিসি পরীক্ষায় মোট ২৮ হাজার ৭৪১টি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ২৩ লাখ ৪৬ হাজার ৯৫৯ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। গত ২৯ ডিসেম্বরের প্রকাশিত ফলে এর মধ্যে পাস করেছিল ২১ লাখ ৮৩ হাজার ৯৭৫ জন। জেএসসিতে জিপিএ ৫ পেয়েছিল দুই লাখ ৩৫ হাজার ৫৯ জন। আর জেডিসিতে জিপিএ ৫ পেয়েছিল ১২ হাজার ৫২৯ জন। তবে গতকাল পুনর্নিরীক্ষার ফল প্রকাশের পর পাসের সংখ্যা ও জিপিএ ৫ প্রাপ্তির সংখ্যা দুটিই বাড়ল।